

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৫৪

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১০৪. কারো ফজরের দু' রাক'আত সুন্নত ছুটে গেলে সে তা কখন কাযা করবে?

بَابِ مَا جَاءَ فِيمَنْ فَاتَتْهُ الرَّكْعَتَانِ قَبْلَ صَلَاةِ الْفَجْرِ مَتَى يَقْضِيهِمَا

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، حَدَّثَنَا سَعْدُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ قَيْسِ بْنِ عَمْرٍو، قَالَ رَأَى النَّبِيُّ - صلى الله عليه وسلم - رَجُلاً يُصلِّي بَعْدَ صَلَاةِ الصَّبْحِ رَكْعَتَيْنِ فَقَالَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - " أَصلاَةَ الصَّبْحِ مَرَّتَيْنِ " . فَقَالَ لَهُ الرَّجُلُ إِنِّي لَمْ أَكُنْ صَلَّيْتُ الرَّكْعَتَيْنِ اللَّتَيْنِ قَبْلَهَا فَصلَلَيْتُهُمَا . قَالَ فَسَكَتَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - .

#### বাংলা

১/১১৫৪। কায়স ইবনু আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে ফজরের সালাতের পর দু রাকআত সালাত (নামায/নামাজ) আদায় করতে দেখে বলেনঃ ফজরের সালাত কি দুবার? লোকটি তাঁকে বললো, আমি ফজরের পূর্বের দু রাকআত পড়তে পারিনি, সেই দু রাকআত পড়লাম। রাবী বলেন, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নীরব থাকলেন।

### **English**

It was narrated that Qais bin 'Amr said:

"The Prophet (ﷺ) saw a man praying two Rak'ah after the Subh prayer and said, 'Is the Subh prayer to be offered twice?' The man said to him: 'I did not pray the two Rak'ah before it, so I prayed them (now).' The Messenger of Allah (ﷺ) remained silent."

### ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ৪২২, আবূ দাউদ ১২৬৭, আহমাদ ২৩২৪৮।



## তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ১১৫১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ কায়েস ইবনে আমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন